

ইবিতে ছড়িয়ে পড়ছে বিষাক্ত পার্থেনিয়াম

সংগীত কুমার, কন্ট্রিবিউটিং রিপোর্টার, ইসলামী বিশ্ববিদ্যালয়

প্রকাশিত: ২১:০০, ৭ জুলাই ২০২৫



ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) ক্যাম্পাসে দ্রুতগতিতে ছড়িয়ে পড়ছে বিষাক্ত উদ্ভিদ পার্থেনিয়াম। দেখতে নিরীহ আগাছার মতো হলেও এই উদ্ভিদে রয়েছে ভয়ংকর স্বাস্থ্যঝুঁকি। বিশেষ করে বর্ষা মৌসুমে এর বিস্তার আরও বেড়ে যায়।

×

বিশেষজ্ঞদের মতে, পার্থেনিয়াম গাছের সংস্পর্শে এলে ত্বকে ফোলাভাব, লালচেভাব, শ্বাসকষ্ট, অ্যাজমা, ঘন ঘন জ্বর, তীব্র মাথাব্যথা এবং উচ্চরক্তচাপের মতো সমস্যা দেখা দিতে পারে। শুধু মানুষ নয়, এটি গবাদিপশুর জন্যও ক্ষতিকর সংক্রমণসহ নানা শারীরিক জটিলতা সৃষ্টি করতে পারে।

ইবি ক্যাম্পাসের বিভিন্ন স্থানে, বিশেষত আইআইআইআর ভবন এবং আবাসিক হলগুলোর আশপাশে রাস্তার দুই পাশে এই উদ্ভিদের উপস্থিতি বাড়ছে। শিক্ষার্থীদের চলাচলের পথে থাকা এই উদ্ভিদ একদিকে যেমন স্বাস্থ্যঝুঁকি তৈরি করেছে, অন্যদিকে বিশ্ববিদ্যালয়ের পরিবেশ ও সৌন্দর্যও ব্যাহত করেছে।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের এস্টেট প্রধান মোহাম্মদ আলাউদ্দিন বলেন, “আমরা গত বছর সেপ্টেম্বর-অক্টোবরে আগাছাগুলো একবার পরিষ্কার করেছিলাম। এ বছর আবার পরিচ্ছন্নতা কার্যক্রম শুরু করেছি। গুচ্ছ ভর্তি পরীক্ষার আগে অনেক এলাকা পরিষ্কার করা হয়েছে। পার্থেনিয়াম দ্রুতই অপসারণ করা হবে। আশা করছি আগামী এক-দুই সপ্তাহের মধ্যেই পুরোপুরি পরিষ্কার করা যাবে।”